গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

নজরুল বর্ষ

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.২৫. ২২৫৩

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩
০১ সেপ্টেম্বর ২০২৬

**বিষয়: সেপ্টেম্বর-নভেম্বর ২০২৬ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।**

১. সেপ্টেম্বর ২০২৫- আগস্ট ২০২৬ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে +০.২, +১০.৯, +১২.৫, +০.১, +৯.৯, + ১১.০,+৮.৯, -১১.২, -১৪.৫, -২৪.৯, -২৯.১ ও -১৪.৬ (Bureau of Meteorology, Australia)।

২. আগস্ট ২০২৬ মাসে সারাদেশে স্বাভাবিক (-৫.৭%) বৃষ্টিপাত রেকর্ড করা হয়। চট্টগাম ও ময়মনসিংহ বিভাগে স্বাভাবিক অপেক্ষা বেশি, সিলেট ও বরিশাল বিভাগে স্বাভাবিক এবং অন্যান্য বিভাগসমূহে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাত রেকর্ড করা হয়। আগস্ট ২০২৬ মাসে বঙ্গোপসাগরে চারটি লঘুচাপ তৈরি হয়। প্রথম লঘুচাপটি, ১২ আগস্ট ২০২৬ উত্তর বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন বাংলাদেশ-পশ্চিমবঙ্গের উপকূলীয় এলাকায় তৈরি হয়। ১৩ আগস্ট ২০২৬ এটি ঘণীভূত হয়ে সুস্পষ্ট লঘুচাপ আকারে বাংলাদেশ-পশ্চিমবঙ্গ উপকূল এবং তৎসংলগ্ন বঙ্গোপসাগর এলাকায় অবস্থান করে এবং পরবর্তীতে আরও ঘণীভূত হয়ে একই এলাকায় নিম্নচাপে পরিণত হয়। ১৪ আগস্ট ২০২৬ বাংলাদেশ-পশ্চিমবঙ্গ উপকূল এবং তৎসংলগ্ন বঙ্গোপসাগর এলাকায় অবস্থারত নিম্নচাপটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে স্থলনিম্নচাপ আকারে ঝাড়খন্ড এবং তৎসংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এলাকায় অবস্থান করে এবং বৃষ্টি ঝরিয়ে ক্রমান্বয়ে দুর্বল হয়ে গুরুত্বহীন হয়ে পড়ে। দ্বিতীয় লঘুচাপটি, ১৭ আগস্ট ২০২৬ উত্তর বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন বাংলাদেশ উপকূলীয় এলাকায় হয় ও এটি ঘণীভূত হয়ে একই এলাকায় সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয় এবং পরবর্তীতে আরও ঘণীভূত হয়ে একই এলাকায় নিম্নচাপে পরিণত হয়। এটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে ক্রমান্বয়ে দুর্বল হয়ে গুরুত্বহীন হয়ে পড়ে। তৃতীয় লঘুচাপটি, ২৩ আগস্ট ২০২৬ উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন উপকূলীয় এলাকায় তৈরি হয়। এটি উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে সুস্পষ্ট লঘুচাপ আকারে ২৫ আগস্ট ২০২৬ গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন ঝাড়খন্ড এলাকায় অবস্থান করে। পরবর্তীতে এটি বৃষ্টি ঝরিয়ে ক্রমান্বয়ে দুর্বল হয়ে গুরুত্বহীন হয়ে পড়ে। চতুর্থ লঘুচাপটি ২৯ আগস্ট ২০২৬ উত্তর পশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন পশ্চিমবঙ্গ-উত্তর উড়িষ্যা উপকূলীয় এলাকায় তৈরি হয়। ৩১ আগস্ট ২০২৬ এটি ঘণীভূত হয়ে একই এলাকায় সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়। সক্রিয় মৌসুমী বায়ু প্রবাহ, সুস্পষ্ট লঘুচাপ ও নিম্নচাপের প্রভাবে বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বর্ষণসহ সারা দেশে মাসের অধিকাংশ সময় বৃষ্টিপাত রেকর্ড করা হয়। সেই সাথে বজ্রসহ দমকা ও ঝড়ো হাওয়া বয়ে যায়। এ সময় দৈনিক সর্বোচ্চ বৃষ্টিপাত ১৯৮ মি.মি. হাতিয়া, চট্টগ্রাম রেকর্ড (৫ আগস্ট ২০২৬) করা হয়। দেশে বিক্ষিপ্তভাবে ১০-১২, ২২, ২৬-৩০ আগস্ট ২০২৬ পর্যন্ত মৃদু তাপপ্রবাহ বয়ে যায়। জুলাই মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭.০°সে. রাজশাহী (২৭ আগস্ট ২০২৬) এবং সর্বনিম্ন তাপমাত্রা ২২.৬°সে. নারায়ণগঞ্জ (০৭ আগস্ট ২০২৬) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ, সর্বনিম্ন ও গড় তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ০.৮°সে., ০.৫°সে. ও ০.৭°সে. বেশি ছিল। বৃষ্টিপাত, তাপমাত্রা, তাপপ্রবাহ, বজ্রঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা আগস্ট ২০২৬ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩. প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দ্ধাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক সেপ্টেম্বর-নভেম্বর ২০২৬ খ্রি: এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

| বিভাগ | সেপ্টেম্বর ২০২৬ খ্রিঃ | | অক্টোবর ২০২৬ | | নভেম্বর ২০২৬ | | সেপ্টেম্বর ২০২৬ মাসে মাটির আর্দ্রতা (%) |
|---|---|---|---|---|---|---|---|
| | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | |
| ঢাকা | ২৬৩ | ২৫০-২৮০ | ১৬০ | ১৪০-১৮০ | ২৬ | ২০-৩০ | ৩৫-৪৫ |
| ময়মনসিংহ | ৩২১ | ৩১০-৩৩০ | ১৮০ | ১৬০-২১০ | ১৪ | ১০-২০ | ৪০-৫০ |
| চট্টগ্রাম | ৩৪৫ | ৩৩০-৩৬০ | ২১৬ | ২০০-২৪০ | ৩৯ | ৩০-৫০ | ৪০-৫০ |
| সিলেট | ৩৭১ | ৩৬০-৩৮০ | ১৮২ | ১৬০-২২০ | ২৫ | ২০-৪০ | ৪০-৫০ |
| রাজশাহী | ২৬৭ | ২৬০-২৮০ | ১৩৪ | ১২০-১৪০ | ১২ | ১০-২০ | ৩০-৪০ |
| রংপুর | ৩৮৩ | ৩৭০-৩৯০ | ১৫৫ | ১৩০-১৮০ | ৬ | ৫-১৫ | ৩৫-৪৫ |
| খুলনা | ২৭৭ | ২৭০-২৯০ | ১৫০ | ১২০-১৭০ | ২৯ | ২৫-৩৫ | ৩০-৪০ |
| বরিশাল | ৩২৮ | ৩২০-৩৪০ | ২২৭ | ২১০-২৪০ | ৪৪ | ৪০-৫০ | ৪০-৫০ |

১.বৃষ্টিপাত: দেশে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
২. নিম্নচাপ: বঙ্গোপসাগরে ৪-৬টি লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে (১-২)টি নিম্নচাপ ও ১টি ঘূর্ণিঝড়ে পরিণত হতে পারে।
৩. বজ্রঝড়: এ সময়ে দেশে ৬-১০ দিন বজ্রঝড় হতে পারে।
৪. তাপমাত্রা: দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।
৫. তাপপ্রবাহ: এ সময়ে দেশে ৩-৫ টি মৃদু (৩৬-৩৭.৯°সে.) থেকে মাঝারি (৩৮-৩৯.৯° সে.) ধরণের তাপ প্রবাহ বয়ে যেতে পারে।

০১।০৩।২৫

(মোঃ মমিনুল ইসলাম)
পরিচালক (চলতি দায়িত্ব)
ও
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ইমেইল: minister@moa.gov.bd

১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, info@modmr.gov.bd
২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, cab secy@cabinet.gov.bd
৩. মূখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, psecy@pmo.gov.bd
৪. সিনিয়র সচিব, জনপ্রাশাসন মন্ত্রণালয়, secretary@mopa.gov.bd
৫. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mowr.gov.bd
৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, secy@mincom.gov.bd
৭. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, secretary@mod.gov.bd
৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, secretary@modmr.gov.bd
৯. সচিব, কৃষি মন্ত্রণালয়, secretary@moa.gov.bd
১০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mofood.gov.bd